

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৫৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১২. জুম্মার সালাত যাদের উপর ফরয

باب مَنْ تَجِبُ عَلَيْهِ الْجُمْعَةُ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ، حَدَّثَنَا قَبِيصَةُ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُحَمَّدِ بْنِ سَعِيدٍ، - يَعْنِي الطَّائِفِيَّ - عَنْ أَبِي سَلَمَةَ بْنِ نُبَيْهٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ هَارُونَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْدِ اللهِ بْنِ هَارُونَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْدِ اللهِ بْنِ عَارُونَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْدِ اللهِ بْنِ عَارُونَ، عَنْ النِّدَاءَ " عَمْرٍو، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " الْجُمُعَةُ عَلَى كُلِّ مَنْ سَمِعَ النِّدَاءَ "

\_ ضعیف

قَالَ أَبُو دَاوُدَ رَوَى هَذَا الْحَدِيثَ جَمَاعَةٌ عَنْ سُفْيَانَ مَقْصُورًا عَلَى عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو لَمْ يَرْفَعُوهُ وَإِنَّمَا أَسْنَدَهُ قَبِيصَةُ

#### বাংলা

১০৫৬। 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যারা জুমু'আহর আযান শুনতে পাবে তাদের উপর জুমু'আহর সালাত আদায় করা ফার্য।[1]

# দুর্বল।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, একদল বর্ণনাকারী এ হাদীস সুফয়ান (রহঃ) সূত্রে সংক্ষেপে বর্ণনা করেছেন 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) এর হাদীস হিসেবে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী হিসেবে নয়। শুধু কাবীসাহ (রহঃ) এটিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী হিসেবে বর্ণনা করেছেন।

## **English**

### Narrated Abdullah ibn Amr:



The Prophet (ﷺ) said: The Friday prayer is obligatory on him who hears the call.

Abu Dawud said: This tradition has been transmitted by a group of narrators from Sufyan. They did not narrate it as a statement of the Prophet (ﷺ); only Qabisah has transmitted it as saying of the Prophet (ﷺ).

### ফুটনোট

[1] আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন। তাবরীযী একে মিশকাত গ্রন্থে (হাঃ১৩৭৫) উল্লেখ করেছেন। এর সানাদ দুর্বল। সনদে আবূ মুসলিম ইবনু রাবী'আহ অজ্ঞাত ও অস্বীকৃত, যেমন বলেছেন ইমাম যাহাবী। অনুরূপ অবস্থা তার শায়খ 'আবদুল্লাহ ইবনু হারূন এর। হাফিয 'আত-তাক্ররীব' গ্রন্থে বলেন : তিনি অজ্ঞাত (মাজহুল)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন